KOTULPUR P.S. KOTULPUR, BANKURA, W.B.

# FIRST INFORMATION REPORT

03470

W.B. FORM No. 27

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C., at P.S.

1. Dist. BANKURA Sub-Divn. BISHNUPUR P.S. KOTULPUR Year 2024 FIR No. 120/24 Date 19/4/24
2. (i) Act IPC Sections 498A/323/325 ~~(ii) Act~~ 326/354B/379/427 ~~Sections~~ 506/34
   (iii) Act x Sections x Other Acts & Sections 3 D.P. Act.
3. (a) General Diary Reference : Entry No. 944 Time 19:05 HRS.
   (b) Occurrence of Offence : Day SINCE AFTER MARRIAGE ~~Date~~ ALSO 16.4.24 Time AT ABOUT 12:00 HRS
   (c) Information Received Date 19.4.24 Time 19:05 HRS
   G.D. No. 944. at the Police Station :
4. Type of information : Written / ~~Oral~~ WRITTEN.
5. Place of Occurrence : (a) Direction and Distances from P.S. APPROX 14 K.M. SOUTH-WEST
   (a) Address VILL- PANUA, PS- KOTULPUR, DIST- BANKURA.
   J.L. NO 117, ANCHAL V LEGO. G.P.
   (b) In case outside limit of this Police Station, then the name of P.S. N.A
   District N.A
6. Complaint / Information :
   (a) Name REMUSHA BIBI
   (b) Father's / Husband's Name W/O SK ULFATH
   (c) Date / Year of Birth
   (d) Nationality INDIAN
   (e) Address VILL- PANUA, PS- KOTULPUR, DIST- BANKURA, A/P VILL- NACHUA, PS- JOYPUR.
7. Details of Known / Suspected / Unknown / Accused with full particulars (1) SK RABIAL S/O SK MOHAN
   (Attach separate sheet, if necessary) (2) ASURA BIBI W/O SK RABIAL. (3) SK ABHI S/O SK RABIAL.
   (4) TAJMIRA BIBI, W/O SK ABHI, (5) SK MURSHED S/O KARIM SK.
8. Reasons for delay in reporting by complaint / informant ALL OF VILL- PANUA, PS- KOTULPUR. BANKURA.
9. Particulars of properties stolen / involved : (attach separate sheet, if required) : ONE SILVER CHAIN
   ABOUT 1.5 BHORI.
10. Total value of Properties stolen / Involved :
11. Inquest report / U.D. : Case No. if any : N.A.
12. FIR Contents : (Attach separate Sheet, if required) THE ORIGINAL WRITTEN COMPLAIN OF THE COMPLANANT WHICH IS TREATED AS FIR IS ATTACHED HERE WITH.
13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 498A/323/325/326/354B/379/427/506/34 IPC

registered the case ~~and tookup the investigation~~ / directed TO KALLOL SAMANTA OF KOTULPUR P.S. to take up the investigation transferred to P.S. ........ on point of jurisdictioin. FIR read over to the complaint / informant. admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

Signature is available in the written complaint

Signature / Thumb Impression of the Complainant / Informant

[signature] 19/04/24

Signature of the officer-in-charge Police Station with

Name BINDHESWAR GORAIN

Rank : SI OF POLICE

Number if any : O/C KOTULPUR P.S.

Officer-in-charge Kotulpur P.S.

To,
The O/C of Kotulpur P.S.,
Post + P.S- Kotulpur, Dist- Bankura

মহাশয়,

আমি রেমিশা বিবি স্বামী- সেখ উলফাৎ সাং- পানুয়া, পোস্ট- পানুয়া, থানা- কোতুলপুর, জেলা- বাঁকুড়া হাল সাং- নাচুড়, পোস্ট- বৈতল থানা- জয়পুর জেলা- বাঁকুড়ার বাসিন্দা হইতেছি । আমার বিনীত নিবেদন এই যে বাঁকুড়া জেলার কোতুলপুর থানার অন্তর্গত পানুয়া গ্রামে সেখ মোহন এর পুত্র সেখ উলফাৎ এর সহিত আমার প্রায় ২৫ বৎসর পূর্বে মুসলমান শ্বাস্ত্রমতে বিবাহ হয় । উক্ত বিবাহে আমার পিতা পাত্রপক্ষের দাবীমত নগদ ২০০০০/-(কুড়ি হাজার টাকা) টাকা, তিন থান সোনার গহনা, ১৬টি দান, একটি সাইকেল, আসবাবপত্র ইত্যাদি দিয়াছিলেন । আমি স্বামীর সহিত স্বামীর যৌথ পরিবারে বসবাস করিতেছিলাম । বিবাহের পর স্বামীর সহিত স্বামী-স্ত্রী রূপে বসবাস করাকালীন আমার স্বামীর ঔরষে একটি পুত্র সন্তান ও একটি কন্যা সন্তান জন্ম গ্রহন করে যাহাদের নাম সেখ সফিকুল ও কাসমিরা খাতুন হইতেছে । বর্তমানে আমার ছেলে ও মেয়ে সাবালক ও সাবালিকা হইতেছে । বিবাহের পর হইতে আমার শ্বশুর বাড়ির লোকেরা আমার উপর শারিরীক ও মানসিক অত্যাচার করতে থাকে । বহু অত্যাচার সহ্য করেও স্বামীর সহিত একান্নবর্তী পরিবারে বসবাস করিতেছিলাম । বর্তমানে আমার কন্যা সন্তানের বিবাহ দিয়াছি এবং আমার সাবালক পুত্র কর্মসূত্রে বাহিরে থাকে । ইংরাজীর ১৫/০৪/২০২৪ তারিখে আমার স্বামীর পরিবারের লোকেরা আমাকে কু:কথায় গালিগালজ করে এবং প্রান নাষের হুমকী দেয় । এই অত্যাচারের কথা আমি আমার বাপের বাড়িতে পরিচয় দিই । অদ্য ইংরাজীর ১৬/০৪/২০২৪ তারিখে দুপুর ১২ টার সময় আমার ভাইপো সেখ মুন্না মোটর সাইকেলে করে আমার শ্বশুড় বাড়িতে আমার খবর আনিতে গেলে আমার শ্বশুড় বাড়ির লোকেরা সকলে মিলে আমাকে প্রচন্ডভাবে মারধোর করে । আমি প্রতিবাদ করায়, এমনকি আমার ভাইপো ফোন মারফৎ আমার বাপের বাড়িতে আমার উপরে এই অত্যাচারের কথা জানালে আমার বাপের বাড়ি হইতে আমার দিদি তনুজা বিবি, আমার দাদা সেখ আজাদ, আমার ভাই সেখ আলম, আমার বড় দাদা সেখ সিরাজ এবং আমার ভাইপো সেখ ফাইজুল আমার শ্বশুড় বাড়িতে এলে আমার শ্বশুড় বাড়ির লোকেরা সকলে মিলে হাতে লাঠি, কাটারি, কুডুল, সাবল নিয়ে পুন:রায় আমাকে প্রানে মারতে উদ্যত হয় । এমনকি আমার ভাসুর সেখ রবিয়াল হাতে থাকা লাঠি দিয়ে আমার দাদা সেখ আজাদ কে এলোপাতাড়িভাবে মারধোর করে, ফলে আমার দাদার ডান হাত ভেঙে যায় এবং যন্ত্রনায় কাতড়াতে থাকে । সেই সময় আমার দিদি তনুজা বিবি ও আমার বৌদি আয়েসা বিবি বাধা দিতে গেলে বাকী আসামীরা সকলে মিলে দুইজনের চুলের মুঠি ধরে মাটিতে আঁছড়ে ফেলে দেয় এবং পড়নের কাপড় টেনে খুলে দিয়ে শ্লীলতাহানি করে । এমনকি সেখ রবিয়াল ও সেখ অভি আমার দিদি তনুজা বিবি কে পিছন থেকে ঝাপটে ধরে আমার দিদির গলায় থাকা দেড় ভড়ী ওজনের রুপার হার জোড়পূর্ব ছিনিয়ে নেয় । আমার ভাসুরপো ও খুড়শ্বশুড় ইঁট দিয়ে সেখ আলম এর মাথা থেঁতলে দেয় ফলে মাথা ফুলে যায় এবং কালসিটে দাগ হয়ে যায় । আমার বাপের বাড়ির লোকেরা যে দুটি মোটর সাইকেলে করে গিয়েছিল সেই মোটর সাইকেল দুটি সাবল ও কুডুল দিয়ে নিম্নোক্ত আসামীগন সকলে মিলে ভাঙচুর করে এবং বলে যে মোটর সাইকেল দুটোকে এখানে আগুন দিয়ে পুড়িয়ে দেব কেও রক্ষা করতে পারবে না । প্রায় একঘন্টা যাবৎ আমার শ্বশুড় বাড়ির লোকেরা তান্ডব চালায় । আমাদের প্রায় ত্রিশ হাজার টাকার মত মোটর সাইকেলের ক্ষয়ক্ষতি হইয়াছে । কোনরকমে আমি আমার বাপের বাড়ির লোকেদের সাথে আমার শ্বশুড় বাড়ি থেকে আমার বাপের বাড়িতে ফিরে আসি । ঘটনার কিছুক্ষন বাদে আমি , আমার দিদি তনুজা বিবি, আমার বৌদি আয়েসা বিবি এবং সেখ আজাদ গোগড়া হাসপাতালে চিকিৎসা করায় । কিন্তু আমার দাদার ডান হাত ভেঙে যাবার ফলে গোগড়া হাসপাতালের ডাক্তারবাবু ভালো চিকিৎসার জন্য এবং ডান হাত অপারেশন করার জন্য পরামর্শ দিলে আমার দাদাকে কোতুলপুর দামোদর হেলথ কেয়ার নার্সিং হোমে ভর্তি করা হয় । আমার দাদা শরীরের অবস্থা খুবই থারাপ অবস্থায় আছে । আমি ইংরেজী 16.04.24 তারিখে লিখিত অভিযোগ দায়ের করিতে গিয়েছিলাম কিন্তু অভিযোগ না নেওয়ার জন্য [illegible] লিখিত অভিযোগটি আপনাদের প্রেরণ করিলাম।

পরপৃষ্ঠা......০২

Received the complaint on 19/4/24 at 19-08 hrs and started Kotul pur PS Case No 120/24 dt 19/4/24 u/s- 498A/323/325/326/354B/379/427/506/34 IPC.

[signature] 19/04/24

Officer-in-charge
Kotulpur P.S.
Dist.-Bankura

COMPUTER



যাহাতে দোষী আসামীদের কঠীনতম সাজা হয় তাহার ব্যাবস্থা করিয়া বাধিত করিবেন । আমার কথামত টাইপ করা হইল । আমি পড়ে, বুঝে সহি করিলাম ।

**দোষী আসামীদের নাম ও ঠিকানা** :- (১) সেখ রবিয়াল পিতা- সেখ মোহন (ভাসুর) (২) আসুরা বিবি স্বামী- সেখ রবিয়াল (জ্যা) (৩) সেখ অভি পিতা- সেখ রবিয়াল (ভাসুরপো) (৪) তাজমিরা বিবি স্বামী- সেখ অভি (বৌমা) (৫) সেখ মুরসেদ পিতা- করিম সেখ ওরফে কোরে (খূড়শ্বশুড়) সর্ব্ব সাং- পানুয়া, পোস্ট- পানুয়া, থানা- কোতুলপুর, জেলা- বাঁকুড়া ।

ইতি

নেহমিনা বিবি
২৬/০৪/২০২৪
মোবাইল- ৭৩৮৫৩০৯০০৯৪